

শিক্ষার্থীদের জন্য সুপেয় পানির ব্যবস্থা করল জবি ছাত্রদল

জবি প্রতিনিধি



ছবি : কালের কষ্ট

শিক্ষার্থীদের সুপেয় খাবার পানির ব্যবস্থার জন্য

ক্যাম্পাসে একটি পানির ফিল্টার স্থাপন করেছে

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদল।

বুধবার (১৮ জুন) জবি ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক

শাহরিয়ার হোসেনের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের

ভাষাশহীদ রফিক ভবনে পানির ফিল্টারটি স্থাপন

করা হয়।

ছাত্রদল নেতার এই পদক্ষেপকে স্বাগত জানিয়ে

বিশ্ববিদ্যালয়ের ১৮তম ব্যাচের শিক্ষার্থী বিল্লাল

হোসেন বলেন, ‘ক্যাম্পাসে বিশুद্ধ পানির সংকট

একটি বড় সমস্যা। শাহরিয়ার ভাইয়ের এই

উদ্যোগ সত্যিই প্রশংসনীয়।

এতে আমরা শিক্ষার্থীরা উপকৃত হবো।’

জবি ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. শাহরিয়ার
হোসেন বলেন, ‘শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সুরক্ষার
কথা বিবেচনা করেই এই ফিল্টার স্থাপনের সিদ্ধান্ত
নেওয়া হয়েছে। আশা রাখি, এই ফিল্টার স্থাপনের
মাধ্যমে ভাষাশহীদ রফিক ভবনের শিক্ষার্থীদের
বিশুদ্ধ পানির চাহিদা পূরণ হবে এবং তারা নির্বিশে
পড়ালেখা চালিয়ে যেতে পারবে।’

জবি শাখা ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান
হিমেল বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের
শিক্ষার্থীদের জন্য বিশুদ্ধ পানি নিশ্চিত করা অত্যন্ত
জরুরি।

অস্বাস্থ্যকর পানি পান করে শিক্ষার্থীরা প্রায়ই
বিভিন্ন পানিবাহিত রোগে আক্রান্ত হচ্ছে, যা
তাদের পড়াশোনা ও স্বাস্থ্যের ওপর নেতৃত্বাচক
প্রভাব ফেলছে। শাহরিয়ারের উদ্যোগ শিক্ষার্থীদের
স্বাস্থ্য সুরক্ষার অপরিহার্য একটি পদক্ষেপ এবং
একটি সুস্থ শিক্ষাসন গড়ে তোলার পূর্বশর্ত।